

তারিখ : 17 APR 2017  
 পৃষ্ঠা : ৬

# সংবাদ

## ছয় কওমি মাদ্রাসা বোর্ডের সম্মেলনে নতুন বোর্ড গঠন হাটহাজারীতে

জিয়া চৌধুরী, হাটহাজারী (চট্টগ্রাম)

সরকার কওমি মাদ্রাসাসমূহের দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্সের সমমান ঘোষণার পর চট্টগ্রামের হাটহাজারী দারুল উলুম মুঈনুল ইসলাম মাদ্রাসায় (হাটহাজারী বড় মাদ্রাসা) কওমি মাদ্রাসা সনদের মান বাস্তবায়ন কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। এ সভায় বাংলাদেশের আলাদা আলাদা ছয়টি কওমি শিক্ষাবোর্ডকে একত্র করে দাওরায়ে হাদিসের পরীক্ষা নেয়া এবং সনদের মান দেয়ার জন্য 'আল-হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ' নামে সতন্ত্র একটি বোর্ড গঠন করা হয়। গতকাল নতুন বোর্ডের সদস্যদের নিয়ে কওমি মাদ্রাসার সনদের মান বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান শাহ আহমদ শফীর সভাপতিত্বে তার কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। হাটহাজারী মাদ্রাসা সূত্রে কওমি : পৃষ্ঠা : ২ ক : ৫

## কওমি : মাদ্রাসা

(১৬ পৃষ্ঠার পর)

জানা যায়, কওমি মাদ্রাসার দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্সের সমমান করায় উপস্থিত আলেমরা আল্লাহ দরবারে শুকরিয়া আদায় করেন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সংশ্লিষ্ট অন্য মন্ত্রী ও কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় অভিন্ন প্রশ্নপত্রের আলোকে সারাদেশের ছয়টি বোর্ডের আওতাধীন মাদ্রাসাসমূহে দাওরায়ে হাদিসের পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত হয়। পরীক্ষা নেয়ার জন্য গওহরডাঙ্গা মাদ্রাসার মাওলানা শামসুল হককে নায়েমে ইমতেহান (পরীক্ষা নিয়ন্ত্রক) করে ১১ সদস্যবিশিষ্ট একটি পরীক্ষা উপ-কমিটি গঠন করা হয়। এই পরীক্ষা উপ-কমিটিতে থাকবেন ছয়জন বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের প্রতিনিধি, একজন বেফাকুল মাদারিসিল আরাবিয়া গওহরডাঙ্গা গোপালগঞ্জের প্রতিনিধি, একজন ইত্তেহাদুল মাদারিসিল কওমিয়া চট্টগ্রামের প্রতিনিধি, একজন আযাদ দ্বীনি এদারা বোর্ড সিলেটের প্রতিনিধি, একজন জানজিমুল মাদারিসিল কওমিয়া উত্তরবঙ্গের প্রতিনিধি এবং একজন জাতীয় দ্বীনি মাদ্রাসা শিক্ষাবোর্ড বাংলাদেশের প্রতিনিধি। সভায় সরকার থেকে কোন ধরনের আর্থিক সহযোগিতা গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া সমন্বিত বোর্ডের অফিসের জন্য অতি দ্রুত অফিস ভাড়া নেয়ার জন্য (বায়তুল মোকাররমের আশপাশে) ৩ সদস্যবিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন- মাওলানা আবদুল কুদ্দুস, মুফতি রুহুল আমীন এবং মুফতি মোহাম্মদ আলী। সভায় আরও সিদ্ধান্ত হয়, প্রজ্ঞাপনে উল্লিখিত ছয় বোর্ডের নিবন্ধিত দাওরায়ে হাদিসের মাদ্রাসাসমূহ 'আল-হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ' এ নিবন্ধিত বলে গণ্য হবে। ছয় বোর্ডের আওতার বাইরে থাকা কোন মাদ্রাসা 'আল-হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ' এ নিবন্ধিত হতে পারবে না। বর্তমানে যে মাদ্রাসা যে বোর্ডে নিবন্ধিত, এই বছর সেই বোর্ডেই থাকতে হবে। অন্য বোর্ডে যেতে পারবে না। দাওরায়ে হাদিস পরীক্ষা আগামী ১৫ মে শুরু হবে বলে জানা গেছে।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
প্রিসংখ্যা নং বিজ্ঞান	
ড.এল.পি.বি.সং	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	স্বাক্ষর